

**অথবা**

- ৫। যাতির উপাখ্যান; ‘নিরংদেশ যাত্রা’, ‘সোনার তরী’ এবং ‘মাতাল নৌকো’ কবিতানামের উল্লেখ—এই উল্লিখনগুলির সবক-টিই কি সুধীন্দ্রনাথ দন্তের ‘যাতি’ কবিতার সমান গুরুত্বপূর্ণ? আলোচনা করো।

**অথবা**

- ৬। ‘শরতের সমারোহ প্রকাণ প্রান্তরে’—এই আশ্চর্য সমৃদ্ধির ছবি দিয়ে যে কবিতার আরম্ভ তা শেষ হয় অভাবে তলিয়ে যাওয়া নাবিকের বিবরণে। এই ‘সমৃদ্ধি’ ও ‘অভাব’ কি সত্যিই পরম্পরের বিপরীত না কি এই বৈপরীত্যেই আছে ‘দশমী’-র কবি ও কবিতাকে বোঝার চাবিকাঠি? ‘নোকাডুবি’ এবং ‘দশমী’ কাব্যগ্রন্থের অন্যান্য পাঠ্য কবিতা অবলম্বনে তোমার বক্তব্য জানাও।
- ৭। প্রতীকের প্রয়োগ বিষ্ণু দে-র কবিতায় কীভাবে মৌলিক ও অব্যর্থ হয়ে ওঠে তোমার পড়া কবিতা অবলম্বনে আলোচনা করো।

**অথবা**

- ৮। ‘পদধ্বনি’ কবিতায় ভারতীয় পুরাণের সংস্কারকে বিপরীত তাংপর্যে ব্যবহার করেন কবি—‘পদধ্বনি’ কবিতার পাঠ্নির্মাণে এই মন্তব্য কতদুর সঙ্গত, আলোচনা করো।
- ৯। সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম পর্বের কবিতায় তাঁর করা নাজিম হিকমতের কবিতার অনুবাদ একটি বিভাজন রেখার মতো কাজ করে। মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও।

**অথবা**

- ১০। ‘সালেমনের মা’ কবিতাটি সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার ধারায় এক দিকবদলের চিহ্নের মতো কাজ করে। মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও।

**কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩**

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

**বাংলা**

**কোর্স : পি.জি.-৪.৩**

**বাংলা কবিতা পর্ব ২**

**সময় : ২ ঘণ্টা**

**পূর্ণমান : ৩০**

যে কোনো তিনটি প্রশ্নের উভয় দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। জীবনানন্দের ‘অবসরের গান’ কবিতায় সূর্যের আলোর দিন ছেড়ে আসার কথা বলা হয়। অথচ কবিতার অনেকটা জুড়ে সূর্যের আলো আর রোদ-এর নানান উল্লেখ ছড়িয়ে থাকে। বিষয়টি তুমি কীভাবে পড়তে চাও?

**অথবা**

- ২। জীবনানন্দের প্রথম পর্বের কবিতার অনেকটা জুড়ে অব্যবহিত বাস্তবকে প্রত্যাখ্যান করা হয়; আহান করা হয় স্থবরতাকে; পৃথিবীর পথ, জীবনের পথ ছেড়ে মৃত্যুকে ভালোবাসবার কথা বলা হয়। অথচ প্রায় সমসাময়িক ‘মৃত্যুর আগে’ কবিতায় মৃত্যু নয়, জীবনই তার অজস্র অনুপুর্ণ নিয়ে সংরাগে, উপভোগে অমূল্য হয়ে ওঠে; বদলে যায় কবিতার ভাষাও। বিষয়টি তোমাকে কীভাবে ভাবায়?

- ৩। সুধীন্দ্রনাথ দন্তের ‘শাশ্তৰী’ এবং ‘সংশয়’ কবিতাদুটির বিষয়গত আধুনিকতার তুলনামূলক পর্যালোচনা করো।

**অথবা**

- ৪। জেসন-এর মিথের পক্ষে প্রাসঙ্গিক হলেও যাতি-র মিথের সঙ্গে জলাযাত্রার কোনো সম্পর্ক নেই অথচ সুধীন্দ্রনাথের ‘জেসন’ ও ‘যাতি’ উভয় কবিতার শরীর জুড়েই সমুদ্রযাত্রার ছবি। বিষয়টি তুমি কীভাবে ব্যাখ্যা করতে চাও, জানাও।